# যৌথ বাহিনীর অভিযানে ছাত্রদল নেতা আটক, উদ্ধার গুলি ও ইয়াবা




সংগৃহীত ছবি

মাগুরায় যৌথ বাহিনীর অভিযানে অস্ত্র, গুলি ও ইয়াবাসহ ছাত্রদলের সাবেক সাধারণ সম্পাদক আবু তাহের সবুজকে আটক করা হয়েছে। মঙ্গলবার (২৪ জুন) বিকেলে সদর উপজেলার ভিটাসাইর এলাকা থেকে তাকে আটক করে সেনাবাহিনী।

মাগুরা আর্মি ক্যাম্পের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মেজর মো. সাফিন জানান, গোপন সূত্রে তারা জানতে পারেন, ছাত্রদলের সাবেক নেতা আবু তাহের সবুজ সেনাবাহিনীর বিরুদ্ধে অপতৎপরতায় যুক্ত হওয়ার চেষ্টা করছেন। আগেও তার বাড়িতে অভিযান চালিয়ে মাদক উদ্ধার করা হয়েছিল। সেই ঘটনার প্রতিক্রিয়ায় সবুজ একটি বিক্ষোভ কর্মসূচির পরিকল্পনা করেন এবং এ উদ্দেশ্যে কিছু লোকজন ভাড়া করেছিলেন বলেও তথ্য আসে গোয়েন্দাদের হাতে।

পরবর্তীতে আর্মি ক্যাম্প ও সদর থানার পুলিশের যৌথ অভিযানে তার বাড়িতে তল্লাশি চালিয়ে একটি দেশীয় পিস্তল, এক রাউন্ড গুলি, ১৫ পিস ইয়াবা ও একটি রামদা উদ্ধার করা হয়। সেনাবাহিনী জানায়, অস্ত্র ও গুলি লাল ব্যাগে মোড়ানো অবস্থায় বাড়ির সীমানাপ্রাচীরের ওপর থেকে পাওয়া যায়।

LENS ASIA